

# সফল সমবায় সমিতি হিসেবে বলেয়াপাড়া বাজার ক্ষুদ্র ব্যবসায়ী কল্যান সমবায় সমিতি লিঃ এর প্রতিবেদন।

---

## ভূমিকাঃ

বলেয়াপাড়া বাজার ব্যবসায়ীদের দারিদ্র বিমোচন ও আর্থ সামাজিক উন্নয়ন করার লক্ষ্যে অত্র সমিতির নিবন্ধন লাভ করে। ব্যবসায়ীদের ক্ষুদ্র ক্ষুদ্র সংগঠন ও শেয়ার এর মাধ্যমে তাদের উন্নয়ন সাধন করা। এর ফলে তাদের উন্নয়ন সাধন করা সম্ভব হয়েছে।

## সমিতি গঠনের প্রেক্ষাপটঃ

পঞ্চগড় সদর উপজেলার বলেয়াপাড়া একটি অবহেলিত গ্রাম। পঞ্চগড় জেলা শহর হতে যাতায়াতের তেমন ব্যবস্থা নাই। উক্ত গ্রামে একটি গড়ে উঠে ছোট বাজার। গ্রামটি দরিদ্র হওয়ায় তাদের ব্যবসায়ীক অবস্থার তেমন উন্নতি পরিলক্ষিত হয়নি। উক্ত ব্যবসায়ীদের মধ্যে জনাব মোঃ জাহাঙ্গীর চাঁধুরী একজন প্রবীন ব্যবসায়ী। তিনি ব্যবসায়ীদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করার জন্য একটি সমিতি গঠনের উদ্যোগ নেন। তাঁর উদ্যোগ ও ঐকান্তিক প্রচেষ্টায় গড়ে উঠে বলেয়াপাড়া বাজার ক্ষুদ্র ব্যবসায়ী কল্যান সমবায় সমিতি লিঃ। পরবর্তীতে উক্ত সমিতিটি সমবায় বিভাগ পঞ্চগড় হতে নিবন্ধন লাভ করেন। যার নিবন্ধন নং-11, তারিখঃ 20-10-2015খ্রঃ।

## সামাজিক কর্ম সূচী

- সমিতির সদস্যদের সন্তানদের শিক্ষার উন্নয়নের জন্য মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান করা হয়;
- সমিতির দ্রুরিদ্র সদস্যদের চিকিৎসা সাহায্যের জন্য সমিতির সকল সদস্য প্রতিমাসে 20.00 টাকা জমা করে একটি তহবিল গঠন করা হয়েছে। উক্ত তহবিল হতে দ্রুরিদ্র সদস্যদের প্রয়োজন অনুযায়ী চিকিৎসা বাবদ ব্যয় করা হয়;
- প্রচন্ড শীত প্রবন এলাকা হওয়ায় সমিতির নিজস্ব তহবিল ও স্থানীয় বিত্তবানদের নিকট হতে অর্থ সংগ্রহ করে শীত বন্ধু বিতরণ করা হয়;
- ঈদ-উল-ফিতর উপলক্ষে গরীব সদস্যদের মাঝে বন্ধু, চিনি ও সেমাই বিতরণ করা হয়;
- এলাকার রাস্তাঘাট, বাঁশের সাকে এবং যে কোন ধর্মীয় অনুষ্ঠানে সমিতির সকল সদস্য স্বেচ্ছা শর্মের ভিত্তিতে কাজ করে থাকেন;
- এলাকার চুরি, ডাকাতি, ছিনতাই, খুন, ধর্ষন জমি দখল, বাল্য বিবাহ, মাদকসহ বিভিন্ন অপরাধ বন্ধ করার জন্য সমিতির সকল সদস্য একত্রিত হয়ে প্রতিরোধ করার ফলে বর্তমানে বলেয়া বাজার এলাকায় সকলেই নির্ভয়ে জীবন যাপন করছে এবং এলাকায় শান্তি সমাজ প্রতিষ্ঠিত হয়েছে।

## **করোনা/কোভিড-19 এর কারণে ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রান বিরতরণঃ**

করোনার তান্ডবে পঞ্চগড় সদর উপজেলার বলেয়াবাজার এলাকায় যখন খাদ্য ও নিয় প্রয়োজনীয় জিনিসের অভাবে দিশেহারা ঠিক বলেয়াপাড়া বাজার ক্ষুদ্র ব্যবসায়ী কল্যাণ সমবায় সমিতি লিঃ এর অর্থায়নেগত 21-4-2020 খ্রিঃ তারিখে 100জন অতিদরিদ্র মানুষের মাঝে প্রতিজনকে চাল-৫ কেজি, ডাল-  $\frac{1}{2}$  কেজি, লবন-  $\frac{1}{2}$ , সোয়াবিল তেল-  $\frac{1}{2}$ , সাবান-১টি প্রদান করা হয়।

### **প্রশিক্ষণঃ**

প্রত্যন্ত এলাকা হওয়ায় সমিতির সদস্যগণ বিভিন্ন বিষয়ে সম্পর্কে অজ্ঞ ছিলেন। সমিতিটি নিবন্ধনের পর সমবায় বিভাগ হতে সমিতির কার্য লয়ে২টি “ভ্রাম্যমান প্রশিক্ষণ” অনুষ্ঠানের আয়োজন করে। সেখানে কৃষি, মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণ গ্রহনের ফলে সমিতি হতে নিম্নলিখিত প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

ক) হাঁস-মুরগী পালন

খ) গরু মোটাতাজা করণ

গ) মৎস্যচাষ।

### **সমিতির বর্তমান অবস্থাঃ**

বর্তমানে সমিতির মূল কার্য ক্রমশেয়ার, সঞ্চয় আদায় করে মূলধন সৃষ্টি করা। গঠিত মূলধন দিয়ে সমিতি হতে গৃহিত প্রকল্পে বিনিয়োগের মাধ্যমে সদস্যগণের আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করা। সমিতির বর্তমান সদস্য সংখ্যা 20 জন এবং সমিতির মূলধনের পরিমাণ 1,71,027 টাকা। উক্ত মূলধন বিনিয়োগ করে সমিতির 20 জন সদস্যের আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক উন্নয়ন সাধন হয়েছে।

### **ভবিষ্যত পরিকল্পনাঃ**

সমিতির মাধ্যমে বলেয়াপাড়া বাজার এলাকায় (১) দারিদ্র বিমোচন করা; (২) শিক্ষার জন্য বিদ্যালয় স্থাপন করা; (৩) চিকিৎসার জন্য ক্লিনিক প্রতিষ্ঠা করা; (৪) নারীদের আর্থ-সামাজিকভাবে উন্নয়ন করা; (৫) সমিতির সদস্যদের উৎপাদিত পণ্য বিক্রয়ের জন্য পঞ্চগড় জেলায় শহরে একটি আউটলেট নেয়া; (৬) চা-বাগান স্থাপন করা; (৭) পন্য পরিবহনে ট্রাক ক্রয় করা;

### **উপসংহারণঃ**

পঞ্চগড় সদর উপজেলায় খুব কম সময়ে একটি পরিকল্পিত ও আদর্শ সমবায় সমিতি হিসেবে বলেয়াপাড়া বাজার ক্ষুদ্র ব্যবসায়ী কল্যাণ সমবায় সমিতি লিঃ সমিতিটি গড়ে উঠছে। আশা করা যায়, ভবিষ্যতে সমিতির তাদের কাংক্ষিত সাফল্য অর্জনে সক্ষম হবে। সমিতির সদস্যদের শ্রম, মেধা ও মননকে কাজে লাগিয়ে এলাকার উন্নয়নে বিশেষ অবদান রাখবে।

